ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ৩১০ ● কলকাতা ● ২৯ কার্তিক, ১৪৩০ ● বৃহস্পতিবার ● ১৬ নভেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা




যুবরাজ সিংয়ের 'বায়োপিক' নিয়ে আসছেন আমির খান — পৃঃ ৫



আইসিসির মাসসেরা রাচিন রবীন্দ্র — পৃঃ ৬

## জয়নগরের ঘটনা নিয়ে

# কী বললেন রাজ্যপাল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আইন আইনের মতো চলবে। রাজভবন তার কর্তব্য পালন করবে। রাজ্যপাল সিভি আনন্দ বোস আরো একবার এই কথা বললেন। আজ বুধবার ভাই দ্বিতীয়ার অনুষ্ঠান চলছে দেশজুড়ে। এই রাজ্যের রাজভবনেও ভাইফোঁটা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফোটা নিয়েছেন রাজ্যপাল। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রসঙ্গে বলেন, "উনি আমার সাংবিধানিক সহকর্মী। আমাদের মধ্যে যা কথাবার্তা হবে, তা গোপনীয় থাকে। প্রয়োজনে তা প্রকাশ্যে আনা হবে।" রাজভবনের একটি লেকের নাম বিরসা ১ নামকরণ করা হবে। শিক্ষা শিল্প বিভিন্ন বিষয়ে আদিবাসী ছাত্রদের জন্য স্কলারশিপ দেওয়া হবে। রাজ্যপালের তরফ থেকে ২০ হাজার টাকা নগদ আর্থিক সাহায্য দেওয়া হবে। বিরসা মুন্ডা স্কলারশিপ এর নাম।

বিশ্বকাপ ক্রিকেট খেলা নিয়েও যথেষ্ট ইতিবাচক রাজ্যপাল। তিনি বলেন, "ম্যাচ ইস ম্যাচ। প্রার্থনা করব ইন্ডিয়া জিতবে।"এরপর একাধিক প্রসঙ্গ উঠে আসে। জয়নগরের খুন ও হিংসা উঠে এসেছে তাঁর কথায়।এছাড়াও ক্রিকেট বিশ্বকাপের ভারত নিউজিল্যান্ড সেমিফাইনাল ম্যাচ প্রসঙ্গেও বক্তব্য রেখেছেন তিনি। এদিন অত্যন্ত খোশমেজাজে তাঁকে দেখতে পাওয়া যায়। বিজেপি মহিলা মোর্চার নেত্রীরা রাজভবনে রাজ্যপালকে ফোঁটা

এরপর ৩ পাতায়

## নৈহাটির বড় মায়ের মন্দিরে

# পুজো দিলেন অভিষেক





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মঙ্গলবার বিকেলে নৈহাটির বড় মায়ের মন্দিরে পুজো দিলেন তৃণমূলের 'সেনাপতি' তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর সঙ্গে ছিলেন উত্তর ২৪ পরগনার অধিকাংশ তৃণমূল বিধায়ক। কিন্তু দেখা গেল না ব্যারাকপুর শিল্পাঞ্চলের চার তৃণমূল বিধায়ককে।প্রসঙ্গত, নৈহাটির বড় মায়ের পুজো এ বার ১০০ বছরে পদার্পণ করল। নবনির্মিত মন্দির উদ্বোধনের সময়েই অভিষেককে আমন্ত্রণ জানিয়েছিলেন আয়োজকেরা। কিন্তু সেই সময়ে তিনি যেতে পারেননি। কথা দিয়েছিলেন, পরে যাবেন। মঙ্গলবার সেই কথাই রাখলেন অভিষেক। প্রথমে বড় মায়ের মূর্তির সামনে পুজো দেন ডায়মন্ড হারবারের সাংসদ। তার পর মায়ের কষ্টিপাথরের মূর্তির সামনে গিয়ে পুজোয় বসেন।অভিষেক যখন বড় মায়ের মূর্তির সামনে পুজোতে বসেছেন, তখন তাঁর ঠিক পাশেই দেখা গিয়েছে বরাহনগরের বিধায়ক তাপস রায়কে।ছিলেন পানিহাটির বিধায়ক নির্মল ঘোষ, দমদমের বিধায়ক তথা রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, জগদ্দলের বিধায়ক সোমনাথ শামস। নৈহাটির বিধায়ক তথা রাজ্যের সেচমন্ত্রী পার্থ ভৌমিক নিজে বড় মায়ের পুজোর অন্যতম উদ্যোক্তা। তিনি যে থাকবেন, তা বলাই বাহুল্য। এমনকি, দীর্ঘ পথ উজিয়ে অশোকনগরের বিধায়ক তথা উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের সভাধিপতি নারায়ণ গোস্বামীও পৌঁছেছিলেন নৈহাটিতে। ওই এলাকায় একটিই মাত্র বিধানসভা কেন্দ্র রয়েছে, যা বিজেপির দখলে। ভাটপাড়া। সেখানকার বিধায়ক পবন সিংহ। যিনি সাংসদ অর্জুন সিংহের পুত্র। অর্জুন বিজেপির টিকিটে ব্যারাকপুর লোকসভা কেন্দ্র থেকে জিতলেও পরে তৃণমূলে যোগ দেন।

এরপর ৩ পাতায়

## নথি নিয়ে সিজিওতে

# মানিক-অনুব্রত ঘনিষ্ঠ বিভাস




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রাথমিকের নিয়োগ দুর্নীতি মামলায় বুধবার সিজিও কমপ্লেক্সে হাজিরা হলেন বীরভূমের প্রাক্তন তৃণমূল নেতা বিভাস অধিকারী। নিয়োগ মামলায় ধৃত তৃণমূল বিধায়ক তথা প্রাথমিক শিক্ষা পর্ষদের অপসারিত সভাপতি মানিক ভট্টাচার্য এবং বীরভূমের তৃণমূল নেতা, গরু পাচার কাণ্ডে জেলবন্দি অনুব্রত মণ্ডলের অত্যন্ত ঘনিষ্ঠ হিসেবেই পরিচিত এই বিভাস।


সূত্রের খবর, তিনটি এলাকায় তল্লাশি অভিয়ান চালিয়ে প্রচুর নথিও বাজেয়াপ্ত করেছিলেন তদন্তকারীরা। এ বিষয়ে এদিন তাঁকে জিজ্ঞাসাবাদ করা হবে বলে তদন্তকারী সংস্থা সূত্রে জানা গেছে।

সম্প্রতি একাধিক বিএড কলেজের অনুমোদন বাতিল হয়েছে। সূত্রের খবর, বিভাস নিজেও একাধিক বিএড কলেজের মালিক। বিএড কলেজের অনুমোদনের ক্ষেত্রেও বিস্তর দুর্নীতি হয়েছিল বলে অভিযোগ। প্রাথমিকের পাশাপাশি বিএড কলেজের অনুমোদন সংক্রান্ত বিষয়েও তদন্তকারীরা এদিন তাঁকে জিজ্ঞাসাবাদ করতে পারেন বলে সূত্রের খবর। অতীতে নিয়োগ মামলায় বিভাসের বাড়ি, ফ্ল্যাট এবং আশ্রমে তল্লাশি চালিয়েছিল ইডি। এদিন দুপুর ২টো নাগাদ বেশ কিছু নথি নিয়ে তাঁকে সিজিওতে ঢুকতে দেখা যায়। বিভাস জানান, 'ইডি বেশ কিছু নথি চেয়েছিল। সেগুলো জমা দিতে এসেছি।'

নিয়োগ মামলায় ধৃত হুগলির

এরপর ৩ পাতায়

## মমতার বিরুদ্ধে চক্রান্তের আশঙ্কা,

# ভাইফোঁটায় 'দিদিকে রক্ষা'র প্রতিশ্রুতি শোভনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভাইফোঁটার দিন রাজনৈতিক মহলের নজর থাকে কালীঘাটে, মমতা বন্দ্যোপাধ্যায়ের বাসভবনের দিকে। সেখানে দলের দীর্ঘদিনের সৈনিকরা তো বটেই, অনেক সময় ভিন্ন দলের নেতাদেরও দেখা গিয়েছে 'দিদি'র আশীর্বাদ নিতে যেতে। এবছরও ব্যতিক্রম হল না।শোভন, ফিরহাদ, অরূপ ছাড়াও এবছর মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির ভাইফোঁটায় অতিথিদের তালিকা আরও একটু দীর্ঘ ছিল। এবছর 'দিদি'র কাছে আশীর্বাদ নিতে গিয়েছিলেন রাজ্যসভার সাংসদ শান্তনু সেন, লোকসভার সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, বিধায়ক জাভেদ খান, নির্মল মাজি, সমীর চক্রবর্তী।ফোঁটা নিতে মুখ্যমন্ত্রীর বাড়িতে ভিড় জমালেন দলের অনেকেই। তৃণমূল থেকে একদা দূরে সরে থাকা শোভন চট্টোপাধ্যায়কে এবারও দেখা গেল কালীঘাটের বাড়িতে। সঙ্গে ছিলেন বৈশাখী বন্দ্যোপাধ্যায়ও। এই মুহূর্তে তাঁরা সক্রিয় রাজনীতিতে নেই। কিন্তু ষোল আনা মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে রয়েছেন, এই বার্তা আরও একবার স্পষ্ট করে দিলেন শোভন চট্টোপাধ্যায়। সাফ জানালেন, 'মমতাদির বিরুদ্ধে চক্রান্ত হলে কলিজা দিয়ে রক্ষা করব।'

বুধবার সকাল সকাল কালীঘাটে, মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে পৌঁছে যান তাঁর দীর্ঘদিনের সহযোদ্ধারা। ফিরহাদ হাকিম, সুব্রত বক্সি, অরূপ বিশ্বাস, ডেরেক ও ব্রায়েন, শান্তনু সেন, কল্যাণ বন্দ্যোপাধ্যায়দের ফোঁটা দেন মুখ্যমন্ত্রী। তবে সকলের মাঝে নজর কাড়ল শোভন-বৈশাখীর উপস্থিতি। প্রতি বছরই এই দিনে শোভন চট্টোপাধ্যায়ের এখানে আসা বাধাধরা ব্যাপার। মাঝে অবশ্য এতে ভাঁটা পড়েছিল। তৃণমূল ছেড়ে বিজেপিতে চলে গিয়েছিলেন প্রাক্তন মেয়র। দলে প্রত্যাবর্তনের পর আবার ভাইফোঁটায় 'দিদি'র বাড়ি যাওয়া নিয়মে এসে দাঁড়িয়েছে। এবছরও তিনি গেলেন ভাইফোঁটা নিতে। স্নেহের 'কানন'কে ফোঁটা দিলেন মমতা। কপালে চন্দনের টিপ পরালেন বৈশাখীকেও । উপহার বিনিময়, গল্পগুজবের পর সেখান থেকে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শোভন চট্টোপাধ্যায় বারবারই বুঝিয়ে দিলেন, তিনি মমতার পাশে আছেন, থাকবেন। শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর দলের সৈনিকদের আঘাত করা হচ্ছে বলে অভিযোগ তুলে শোভন চট্টোপাধ্যায়ের বার্তা, 'মমতাদির বিরুদ্ধে চক্রান্ত হলে, আমার মতো বাংলার বহু মানুষ নিজেদের কলিজা দিয়ে সব কিছুকে রক্ষা করবে। পরিকল্পিতভাবে যদি মমতা বন্দ্যোপাধ্যায়কে দুর্বল করার চেষ্টা হয়, তাহলে বাংলার প্রভূত ক্ষতি হবে। মমতাদি পশ্চিমবঙ্গের উপর বটবৃক্ষের মতো ছায়া দিয়ে রেখেছেন। এই ছায়া যাতে কেউ কোনওভাবে ক্ষতিগ্রস্ত করতে না পারে, তার জন্য আমি সবসময় তৈরি ছিলাম, এখনও আছি।'

## ট্রেনে উঠতেই উড়ে এল ইট,

# পুরুলিয়া ঢোকার মুখে নওশাদকে বাধা পুলিশের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুরুলিয়ায় ঢোকার মুখে বাধা আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকীকে। সূত্রের খবর, পুরুলিয়ার অঘোরপুরে কর্মসূচি রয়েছে তাঁর। এদিন সেখানেই যাচ্ছিলেন তিনি। অঘোরপুরে পৌঁছানোর আগেই পুলিশি বাধার মুখে পড়েন নওশাদ। পুলিশের সঙ্গে বেশ কিছুক্ষণ তর্কাতর্কিও করতে দেখা যায় তাঁকে। পুলিশের দাবি, এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি না হয় সে কারণেই তাঁরা নওশাদকে ওই এলাকায় যেতে নিষেধ করছেন।অন্যদিকে নওশাদ যে ট্রেনে আসছিলেন তাতে ইট ছোড়ার অভিযোগ উঠেছে। এদিন সাঁতরাগাছি পুরুলিয়া সুপার ফাস্ট এক্সপ্রেসে নিজের সঙ্গে ও নিরাপত্তী রক্ষীদের নিয়ে উঠেছিলেন। এই ট্রেনেই ইট ছোড়া হয়েছে বলে অভিযোগ। ট্রেনের ডি-১ কোচে ছোড়া হয় ইট। সূত্রের খবর, নওশাদ ছিলেন সি-১ কোচে।যদিও নওশাদের দাবি, এভাবে পুলিশ তাঁকে বাধা দিতে পারে না। তাঁর অধিকার রয়েছে যাওয়ার। প্রসঙ্গত, বিগত কয়েকদিন ধরেই উত্তপ্ত হয়ে রয়েছে অঘোরপুর। এখানে শিল্পতালুক তৈরিকে কেন্দ্র করে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে বিরোধ তৈরি হয়েছে পুলিশ-প্রশাসনের সঙ্গে। বেশ

এরপর ৩ পাতায়

## নজরুলের গানের সুর বিকৃতির বিরুদ্ধে

# স্বপন দত্ত বাউলের প্রতিবাদ চুরুলিয়া , দুর্গাপুর ও আসানসোলে



**স্টাফ রিপোর্টার , নিউজ সারাদিন :** বাংলার মনীষী কবি কাজী নজরুলের ইসলামের নজরুলগীতি শুধু বাংলার নয় ভারতের মহা মুল্যবান সম্পদ। স্বাধিনতা সংগ্রামী কারাগারে বন্দী থাকার সময় ১৯২১ সালে কারার ঐ লৌহ কপাট গানটি লিখেছিলেন এই গানটি প্রতিবাদী গান। পরাধীন দেশের জন্য এই গানের মাধ্যমে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে বিদ্রোহের গান। এই গান নবজাগরণের গান। দেশের যুব সমাজ ও স্বাধীনতা সংগ্রামীদের উৎসাহ দেওয়া গান বিশ্বজুড়ে প্রশংসিত। এই গানের প্রাণবন্ত সুরকে খুন করে পিস পিস করে কেটে গানের সুরকে বিকৃত করেছেন গায়ক ও অস্কার বিজয়ী সুরকার এ আর রহমান। নজরুলের গানের সুর কে বিকৃত করার ফলে এপার বাংলা ওপার বাংলার মানুষ প্রতিবাদে সরব হয়েছেন, সোশ্যাল মিডিয়ায় বড়বড় শিল্পীরা লাগাতার প্রতিবাদে মুখর হচ্ছেন। সেই খবর শুনেই পূর্ব বর্ধমানের রাষ্ট্রপতির প্রশংসিত শিল্পী আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিল্পী জাতীয় সম্মানিত শিল্পী স্বপন দত্ত বাউল তার বাউলগানে প্রতিবাদে পথে নামলেন তিনি বুধবার পশ্চিম বর্ধমানের দুর্গাপুর, আসানসোল, ও নজরুলের জন্মস্থান চুরুলিয়া ঘুড়ে ঘুড়ে । প্রাক্তন রাষ্ট্রপতির উপহর দেওয়া একতারা কোল ডুগী বাজিয়ে চুরুলিয়ায় বাউল গানে প্রতিবাদ ও দেশ বাসীকে সচেতন করলেন নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে সমাজ সচেতনের শিল্পী রূপে । স্বপন বাউল বলেন তিনি রাজ্যের জেলায় জেলায় এমন কি ঢাকা বাংলাদেশ গিয়েও নজরুলগীতিকে সুর বিকৃত করে কলুষিত করার প্রতিবাদ করবেন । এবং নজরুলকে যারা অপমান করেছে তাদের অবিলম্বে শাস্তির দাবি তুলেছেন। এবং ভবিষ্যতে বাংলার মনীষীদের নিয়ে তাদের সৃষ্টিকে কেউ যেন বিকৃত করে অপমান করতে না পারে তারজন্য দেশের সরকার ও জনগণকে বাউল গানের বার্তায় সচেতন করেছেন। স্বপন বাউল গানে গানে বলছেন " নজরুলের গানের প্রাণ , খুন করেছে এ আর রহমান। কারার ঐ লৌহ কপাট গানের সুর বিকৃত করেছে। নজরুলকে অপমান করে নজরুলগীতি কে কলুষিত করেছে"। দূর্গাপুর আসানসোল ও চুরুলিয়ার মানুষ নজরুলকে ভালোবেসে বাংলার মুখ্যমন্ত্রীকে সম্মানীত লোক শিল্পী স্বপন দত্ত বাউলের এমন প্রতিবাদ ও সচেতনের মহতী উদ্যোগেকে সাধুবাদ জানিয়ে প্রশংশা করেছেন। কবি তীর্থ চুরুলিয়ায় নজরুলের নাতনি সোনালী কাজী স্বপন বাউলের মনে নজরুল ভক্তি প্রেম দেখে অভিভূত। সোনালী কাজী বলেন আমরাও স্বপন দত্ত বাউলের পাশে আছি ও সবসময় থাকব কারণ বাংলার এমন বিনা পারিশ্রমিকে নিঃস্বার্থ স্বপন দত্ত বাউলের মত কেউ সমাজ সচেতনে এগিয়ে আসে না । বিদ্রোহী কবি নজরুলের ও নজরুলগীতির অপমানের বিরুদ্ধে স্বপন দত্ত বাউলের বাউল গান ও বক্তব্য চুরুলিয়া বাসীকে মুগ্ধ করেছে । আমরাও নজরুলের একনিষ্ঠ ভক্ত কবির গানের প্রেমে বিভোর স্বপন দত্ত বাউলের জন্য গর্বিত এবং চুরুলিয়া নজরুল একাডেমির পক্ষ থেকে নজরুলের আশির্বাদ স্বপন বাউলের উপর বর্ষিত হোক এই শুভ কামনা কবি নজরুলের পরিবার থেকে।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

## ২০শে নভেম্বর দিল্লির রামলীলা ময়দানে

# গোরক্ষা নিয়ে আন্দোলন: গোপাল মহারাজ




**এম কে মধুওয়ালা, সাংবাদিক, নয়াদিল্লি, ১৫ নভেম্বর ২০২৩ (এজেন্সি): নিউজ সারাদিন :** গোরক্ষা এবং গরুকে জাতির মাতার মর্যাদা দেওয়ার দাবিতে আগামী ২০ নভেম্বর দিল্লির রামলীলা ময়দানে অনুষ্ঠিতব্য বিশাল সমাবেশের প্রস্তুতি চলছে পুরোদমে। সমস্ত শঙ্করাচার্য ছাড়াও দেশজুড়ে ধর্মীয় নেতারা উপস্থিত থাকবেন। এবং এতে লক্ষাধিক গরুপ্রেমীরা অংশগ্রহণ করবেন।

বিখ্যাত গল্পকার ও গোরক্ষা আন্দোলনের পথিকৃত শ্রী গোপাল মণি মহারাজ গতকাল এখানে এক কথোপকথনের সময় এই তথ্য দেন।তিনি বলেন, সবাইকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং এতে লক্ষাধিক মানুষ অংশগ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে। তিনি বলেন, "রাষ্ট্রমাতা গৌ মঙ্গলম ইন। 'অভিযান'-এর অধীনে আয়োজিত এই সমাবেশে গরু রক্ষা ও গরুকে জাতির মায়ের মর্যাদা দেওয়ার দাবি জানানো হবে।

শ্রী গোপাল মহারাজ বলেন, ধর্মীয় শাস্ত্রে গরুকে মায়ের মর্যাদা দেওয়া হলেও একে পশুর শ্রেণীতে রাখা হয়েছে, যা ঠিক নয়।তিনি বলেন, গোমূত্র, গোবর ও দুধে সোনার উপাদান পাওয়া যায়, যা। মানুষের জন্য অপরিহার্য।এটি জীবনের জন্য মূল্যবান।এটি ধর্মীয় শাস্ত্রে ব্যাখ্যা করা হয়েছে।বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকেও এটি নিশ্চিত করা হয়েছে।

এক প্রশ্নের জবাবে শ্রী গোপাল মহারাজ বলেছেন যে বর্তমানে দেশের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী একজন শিব উপাসক তাই তার পূর্ণ আস্থা আছে যে তিনি অবশ্যই গরুকে রক্ষা করবেন এবং মায়ের মর্যাদা দেবেন। তিনি আরও বলেন, তাদের দাবি পূরণ না হলে তারা নতুন করে জনগণকে সংগঠিত করবেন।

## সামাজিক অনুষ্ঠানের আমন্ত্রণে

# ফুরফুরা শরীফের পীরজাদা ত্বহা সিদ্দিকী



**এমডি সালমান হেলাল : নিউজ সারাদিন :** রাজারহাট নিউটাউনের বিধায়ক মাননীয় তাপস চ্যাটার্জী মহাশয়ের সামাজিক অনুষ্ঠানের আমন্ত্রণে ফুরফুরা শরীফের পীরজাদা ত্বহা সিদ্দিকী, মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম, বিধায়ক, মাননীয়া মেয়র , কাউন্সিলর, রাজারহাট ব্লকের সমস্ত প্রধান, উপ প্রধান, সাহিত্যক , বিশিষ্ট চিকিৎসক , পশ্চিমবঙ্গ আল কোরআন ফাউন্ডেশনের সহ সভাপতি হাজি সাহাজাহান আলি সহ সকলেই। এখান থেকে - কেভহেরা স্কুলের জন্য ৩ লক্ষ টাকা , একটি ছোট মেয়ের পায়ের জন্য ১.৫ লক্ষ টাকা , একটি বিধবা মুসলিম মায়ের জন্য ১ টি অটো, ইমাম ভাতা , পুরোহিত ভাতা, শিক্ষার জন্য কম্পিউটার, টাকা সহ বিভিন্ন কর্মসূচি ছিল। খুবই ভালো লেগেছে। বিশেষ করে বিধায়ক মাননীয় তাপস চ্যাটার্জী মহাশয়ের ক্লাব নেতাজী সংঘ ও তাঁর মেয়ে ৩ নং ওয়ার্ডের কাউন্সিলর আরাত্রিকার আপ্যায়নে মুগ্ধ।

# ২০০ ভক্তদের ছট পূজার সামগ্রী বিতরণ



**জয়দীপ য়াদব, কলকাতা : নিউজ সারাদিন :** মহেশতলা পৌরসভার ১ নং ওয়ার্ডের টিজি রোডে, স্থানীয় তৃণমূল কাউন্সিলর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলা তৃণমূল কংগ্রেস হিন্দি সেলের সভাপতি ছট পূজার আগে ২০০ ছট ভক্তদের মধ্যে শাড়ি, স্যুপ এবং নারকেল সহ পূজার সামগ্রী বিতরণ করেছেন। কাউন্সিলর সত্যেন্দ্র সিং সাংবাদিকদের জানান, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই মহা উতসব ছট পূজায় বিশ্বাসী এবং প্রতিটি ধর্মে সমান বিশ্বাসের সাথে তিনি

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# নৈহাটির বড় মায়ের মন্দিরে পুজো দিলেন অভিষেক

অভিষেকের পুজো দেওয়ার সময়ে সাংসদও হাজির ছিলেন মন্দির প্রাঙ্গণে।কিন্তু দেখা যায়নি চার তৃণমূল বিধায়ককে। তাঁরা হলেন কামারহাটির বিধায়ক মদন মিত্র, খড়দহের বিধায়ক তথা রাজ্যের কৃষি ও পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, ব্যারাকপুরের বিধায়ক তথা চলচ্চিত্র পরিচালক রাজ চক্রবর্তী এবং নোয়াপাড়ার বিধায়ক মঞ্জু বসু।

কেন দলের সেনাপতির কর্মসূচিতে দেখা গেল না ওই চার বিধায়ককে? মঙ্গলবার রাতে আনন্দবাজার অনলাইনকে মদন মিত্র বলেন, "আমি এই কর্মসূচির কথা আগে জানতাম না। তা ছাড়া আমি জরুরি কাজে কলকাতার বাইরে রয়েছি।" ব্যারাকপুরের বিধায়ক রাজ বলেন, ''কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উতসব নিয়ে একটি বৈঠক ছিল। সেটি একই সময়ে হওয়ায় আমি যেতে পারিনি। আগেই বিষয়টি আমি পার্থদাকে (ভৌমিক) জানিয়ে রেখেছিলাম।" প্রসঙ্গত, রাজের ওয়েব সিরিজ 'আবার প্রলয়'-এর দৌলতে মন্ত্রী পার্থকে সম্প্রতি অভিনেতা অবতারে দেখা গিয়েছে। তবে মঞ্জু বসু কেন যাননি, তা জানা যায়নি। একাধিক বার ফোন করলে এবং বার্তা পাঠালেও জবাব আসেনি। শোভনদেব বলেছেন, "কলকাতা থেকে খড়দহ যতদূর, খড়দহ থেকে নৈহাটিও ততদূর। আমার তো যাওয়ার কোনও কথা ছিল না।" পরিষদীয় মন্ত্রী শোভনদেব মঙ্গলবার সকালে বিধানসভায় গিয়েছিলেন।

অভিষেকের এই কর্মসূচিতে মদন এবং রাজের 'অনুপস্থিতি' নিয়ে তৃণমূলের অন্দরে গুঞ্জন শুরু হয়েছে। দু'জনেই অবশ্য অনুপস্থিতির কারণ জানিয়েছেন। প্রাক্তন মন্ত্রী মদন বলেছেন, তিনি ওই কর্মসূচির কথা জানতেনই না। রাজ জানিয়েছেন, তিনি কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উতসবের বৈঠকে ব্যস্ত ছিলেন। তবে সম্প্রতি রাজকে রেড রোডে দুর্গাপুজোর কার্নিভালে মূল মঞ্চে দেখা যায়নি। তাঁকে দেখা যায়নি আলিপুর জেল মিউ⃞জ⃞য়িামে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিজয়া সম্মিলনীতেও। সাধারণত অবামপন্থী দলে বড় নেতানেত্রীদের কর্মসূচিতে তাঁদের আশপাশে কারা রইলেন, কারা রইলেন না, তা দেখে সেই দলের অভ্যন্তরীণ সমীকরণ বোঝার চেষ্টা করা হয়। এ ক্ষেত্রেও সেই জল্পনা রয়েছে শাসকদলের অন্দরে। কিন্তু তার মধ্যে কতটা সারবত্তা রয়েছে, তা নিয়ে প্রকাশ্যে কেউই মুখ খুলতে রাজি নন।

১-ম পাতার পর

# নথি নিয়ে সিজিওতে মানিক-অনুব্রত ঘনিষ্ঠ বিভাস

বলাগড়ের প্রাক্তন তৃণমূল যুবনেতা কুন্তল ঘোষের মাধ্যমেই বিভাসের কথা জানতে পেরেছিলেন গোয়েন্দারা। সূত্রের খবর, নিয়োগ মামলায় বিভাসের ভূমিকাও গুরুত্বপূর্ণ ছিল বলে তদন্তকারীদের কাছে দাবি করেছিলেন কুন্তল। সেই সূত্রে গত এপ্রিলে বীরভূমের নলহাটিতে বিভাসের বাড়ি এবং আশ্রমে তল্লাশি চালিয়েছিল সিবিআই। উত্তর কলকাতার আমহার্স্ট স্ট্রিটে থাকা বিভাসের একটি ফ্ল্যাটেও তল্লাশি চালিয়েছিলেন তদন্তকারীরা।

১-ম পাতার পর

# জয়নগরের ঘটনা নিয়ে কী বললেন রাজ্যপাল

দিতে এসেছিলেন। একটি অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে তৃণমূল নেতা খুন হয়েছেন। ফিরে এসেছে বীরভূম জেলার বগটুই স্মৃতি। জয়নগরে গ্রামের বহু বাড়িঘর জ্বালিয়ে দেওয়া হয়েছে। ঘরছাড়া রয়েছেন বেশ কিছু পরিবার। এলাকা এখনও থমথমে। চাপা উত্তেজনা রয়েছে ওই এলাকায়। জয়নগরের ঘটনা প্রসঙ্গে মুখ খুলেছেন স্বয়ং রাজ্যপাল। তিনি বলেন, "আইন আইনের পথে চলবে। রাজভবন তার কর্তব্য পালন করবে।"ভয়াবহ হিংসার ছবি দেখতে পাওয়া গিয়েছে জয়নগরে। এলাকায় রাজনৈতিক হিংসা নিয়ে আতঙ্ক মানুষের মধ্যে। রাজ্যপালের বক্তব্য, "হিংসার বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিতে হবে। শুধু আইনি ব্যবস্থা নয়। সামাজিক পদক্ষেপ নিতে হবে। হিংসা বন্ধ করতে আমরা আমাদের প্রয়োজনীয় ব্যবস্থা নেব।"

একাধিক ঘরবাড়ি লুঠ করা হয়েছে। বহু পরিবার কার্যত নিঃস্ব। এই বিষয়ে রাজ্যপালের মন্তব্য, "ঘর পুড়িয়ে দেওয়া, লুঠ করা, এগুলো এই খুন ও তার হিংসার অংশ। এতেও কড়া পদক্ষেপ নিতে হবে এবং সেটা করা হবে।" যারা গৃহহীন হলেন, তাদের কী হবে? সে বিষয়ে সিভি আনন্দ বোস বলেন, "এটা আইন ও প্রশাসনের বিষয়। এটাও দেখা হবে।"

২ পাতার পর

# ট্রেনে উঠতেই উড়ে এল ইট, পুরুলিয়া ঢোকার মুখে নওশাদকে বাধা পুলিশের

কয়েকজন মহিলাকে ইতিমধ্যেই গ্রেফতার করা হয়েছে বলে খবর। এদিন সেই সমস্ত মহিলাদের পরিবারের সঙ্গে দেখা করতেই অঘোরপুর আসছিলেন নওশাদ। কিন্তু, পুলিশের দাবি এখন এলাকার যে অবস্থা রয়েছে সেখানে নওশাদ গেলে নতুন করে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে। সে কারণেই এখানে তাঁর গাড়ি ঢোকার আগে ব্যারিকেড করে আটকে দেওয়া হয় পথ। মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।অন্যদিকে নওশাদ সিদ্দিকী সাফ জানিয়েছেন কোনওভাবেই পিছু হটছেন না তিনি। পথ আটকানোর কারণ দেখিয়ে যতক্ষণ না তাঁকে লিখিতভাবে কিছু জানানো হচ্ছে তিনি পিছোবেন না বলে জানাচ্ছেন। নওশাদ বলেন, একটা কনস্টেবলের সঙ্গে কথা বলে তো এর সমাধান হবে না। অনেক কনস্টেবল রয়েছেন, "র‍্যাফের ভাইয়েরা রয়েছে, এসআই রয়েছে। আমাকে পথের মধ্যে আটকে দিয়েছে। তাই আমি জানতে চেয়েছি কেন আমাকে আটকানো হল। ঝালদার এসডিপিও সাহেব হয়তো মনে করছেন পুরুলিয়া জেলার বিরোধি পাঁচটা বিধায়কের মতো নওশাদ সিদ্দিকীকেও ধমকে-চমকে বুঝিয়ে দেবেন!"

২ পাতার পর

# ২০০ ভক্তদের ছট পূজার সামগ্রী বিতরণ

প্রত্যেকের উৎসবে অংশ নেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেস হিন্দি সেলের রাজ্য সভাপতি ও দলের বিধায়ক বিবেক গুপ্তা, মাটিয়াবুর্জ বিধানসভার বিধায়ক আব্দুল খালিক মোল্লা, কাউন্সিলর সুমন রায় চৌধুরী, কাউন্সিলর রোশন আলি মন্ডল, কাউন্সিলর ওয়াসিম আনসারি, কাউন্সিলর হাসিনা বানু, সমাজকর্মী ও উদ্যোক্তা জগন্নাথ গুপ্ত, হরিমোহন সিং প্রমুখ সহ রাকেশ জৈসবারা এবং অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## ঝাড়খণ্ডের প্রতিষ্ঠা দিবসে সে রাজ্যের

# মানুষের প্রতি প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

**নতুন দিল্লি, ১৫ নভেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ঝাড়খণ্ডের প্রতিষ্ঠা দিবসে সে রাজ্যের মানুষের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন। রাজ্যটির উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন তিনি।

শ্রী মোদী বলেছেন, ঝাড়খণ্ড খনিজ সম্পদ এবং আদিবাসীদের সাহসিকতা ও আত্মমর্যাদাবোধের জন্য সুপরিচিত। দেশের উন্নয়নে ঝাড়খণ্ডের মানুষ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন;

"ঝাড়খণ্ড খনিজ সম্পদ এবং আদিবাসীদের সাহসিকতা ও আত্মমর্যাদাবোধের জন্য সুপরিচিত। দেশের উন্নয়নে ঝাড়খণ্ডের মানুষ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। রাজ্যটির প্রতিষ্ঠা দিবসে আমি তাঁদের শুভেচ্ছা জানাই এবং এই প্রদেশের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি।"

## মঙ্গলের পাথর ভেঙে ৬ সপ্তাহে

# অক্সিজেন তৈরি করে দেখাল রোবট

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাথর ভেঙে জল নয়, তৈরি হল অক্সিজেন । যে সে পাথর নয়, মঙ্গলগ্রহের বুক থেকে ছিটকে পড়া পাথর ভেঙে অক্সিজেন তৈরি করা হল। তবে বিজ্ঞানীরা নন, এই অসাধ্য সাধন করেছে চিনের বিজ্ঞানীদের হাতে তৈরি এক রসায়নবিদ রোবট । পৃথিবীর বাইরে লালগ্রহে বিকল্প বসতি গড়ে তুলতে যখন মরিয়া চেষ্টা চলছে, সেই সময়ই মঙ্গলগ্রহ থেকে আছড়ে পড়া পাথর ভেঙে অক্সিজেন তৈরি করে দেখাল ওই রোবট।

মনুষ্যজাতির জন্য পৃথিবীর বিকল্প বাসস্থানের সন্ধানে এখনও পর্যন্ত দৌড়ে সবচেয়ে এগিয়ে লালগ্রহই। কিন্তু সেখানে অভিযান চালাতে গেলে প্রয়োজন অক্সিজেনের। শুধু মহাকাশচারীদের বেঁচে থাকার জন্যই নয়, রকেট প্রপেলান্ট হিসেবেও অক্সিজেন প্রয়োজন। পৃথিবী থেকে সবকিছুর ব্যবস্থাপনা করে অভিযান চালানোর খরচ অনেক বেশি। দীর্ঘমেয়াদি গবেষণার জন্য তা লাভজনকও নয়। ফলে মঙ্গলগ্রহে প্রাপ্ত উপাদান থেকে সেখানে বসেই যদি অক্সিজেন তৈরি করা যায়, কোটি কোটি টাকা বেঁচে যায়। মঙ্গলের মাটির নীচে এমনিতে বরফের চাদর রয়েছে বলে হদিশ পেয়েছেন বিজ্ঞান। হাইড্রোজেন এবং অক্সিজেনের সংমিশ্রণে তৈরি হয় জল, তা জমে হয় বরফ। ফলে মঙ্গলের মাটি থেকে প্রাপ্ত উপাদান ব্যবহার করে অক্সিজেন তৈরির উপায় খুঁজছিলেন বিজ্ঞানীরা। সেই অসাধ্য সাধন করে দেখাল রোবট। মঙ্গলের মাটিতে ওই রোবটটি কার্য সম্পাদনে সক্ষম কিনা, আগামী দিনে তা পরখ করে দেখবেন বিজ্ঞানীরা।

পৃথিবীর বুকে বসে এই কাজ করে দেখিয়েছে রোবটটি, আগামী দিনে মঙ্গলে বসে এই কাজ করানোর চেষ্টা হবে তাকে দিয়ে। সোমবার 'নেচার সিন্থেসিস' জার্নালে প্রকাশিত গবেষণাপত্রে বিষয়টি সামনে এসেছে। জানা গিয়েছে, কৃত্রিম যন্ত্রমেধা দ্বারা চালিত ওই রোবটের হাতে গুরুদায়িত্ব সঁপে দেওয়া হয়। মঙ্গলগ্রহের বুক থেকে ছিটকে পড়া পাথর, উল্কাখণ্ড তুলে দেওয়া হয় তার হাতে। লেজার স্ক্যানের সাহায্যে ওই সব পাথরের মধ্যে থাকা আকরিককে চিহ্নিত করে রোবটটি। এর পর, পাথরের মধ্যে থেকে ছ'টি পৃথক ধাতব উপাদান-লোহা, নিকেল, ম্যাঙ্গানিজ, ম্যাগনেসিয়াম, অ্যালুমিনিয়াম এবং ক্যালসিয়াম থেকে প্রায় ৩৭ লক্ষ অণু তৈরি করে সে।

এই গোটা পর্বে, কোনও মানুষ রোবটিকে সাহায্য করতে এগিয়ে যাননি। বরং একাই ওই রোবটটি ২৪৩টি পৃথক অণুকে পরীক্ষা নিরীক্ষা করে সে। তার মধ্যে থেকে সেরা অনুঘটকটিকে খুঁজে বের করে সে। দেখা যায়, মাইনাস ৩৭ ডিগ্রি তাপমাত্রায় জলের অণুর বিভাজন ঘটাতে সক্ষম ওই অনুঘটক। বিজ্ঞানীদের সাহায্য ছাড়া, মাত্র ছয় সপ্তাহে এই অসাধ্য সাধন করে দেখিয়েছে রোবটটি। সমস্ত অনুঘটককে পরীক্ষা করে, তার মধ্যে থেকে জল বিভাজক অণুটিকে শনাক্ত করতে মানুষের ২০০০ বছর লেগে যেত বলে দাবি করেছেন বিজ্ঞানীরা।

ওই গবেষণাপত্রের অন্যতম লেখক তথা হেফেইয়ের ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজির অফ চায়নার বিজ্ঞানী জুন জিয়াং বলেন, "ছোট থেকেই সৌরগজতের বাইরে অভিযানের স্বপ্ন দেখতাম আমি। যখন রোবটটির তৈরি অনুঘটককে জল ভেঙে অক্সিজেন তৈরি করতে দেখলাম, মনে হল সেই স্বপ্ন বুঝি সত্যি হচ্ছে। আগামী দিনে মঙ্গলে বাস করার সুযোগ পাব বলে নিজেকে নিয়ে ভাবতেও শুরু করে দিয়েছিলাম।" রোবটটির কর্মদক্ষতার প্রশংসা করেছেন জিয়াং। তবে তাঁর মতে, মহাকাশ গবেষণার কাজে অবশ্যই সহায়ক হতে পারে যন্ত্রমেধা। কিন্তু বিজ্ঞানীদের পথপ্রদর্শকের ভূমিকায় থাকতে হবে। সঠিক শিক্ষা পেলে তবেই যন্ত্রমেধা চালিত রোবটের বুদ্ধির ধার বাড়বে বলে মত তাঁর।

## বাড়ি গিয়ে আমন্ত্রণ মুখ্যমন্ত্রীর,

# তাও কেন 'কিফ'-এ আসছেন না অমিতাভ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী মাসের ৫ তারিখ থেকে শুরু হতে চলেছে ২৯তম কলকাতা আন্তর্জাতিক চলচিচত্র উতসব। চলবে ওই মাসেরই ১২ তারিখ পর্যন্ত। একের পর এক মেগা চমক থাকতে চলেছে এবারের কিফে। তবে রয়েছে এক মন খারাপ করে দেওয়া খবরও। শোনা যাচ্ছে, মুখ্যমন্ত্রীর হাজার অনুরোধ সত্ত্বেও থাকবেন না অমিতাভ বচ্চন। প্রতিবারই কিফের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি হাজির থাকলেও এবারে তার অন্যথা হতে চলেছে। ২০২২ সালে কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উতসবের উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে দাঁড়িয়ে মমতা অমিতাভ বচ্চনকে ভারতরত্ন দেওয়ার আর্জি জানিয়েছিলেন। অন্যদিকে, জয়া বচ্চনকে দেখা গিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের দলীয় কর্মে প্রচারের মুখ হয়ে সাহায্য করতে। তাই মমতা বোন্‌-এর ডাক তিনি ফেরাচ্ছেন না বলেই সূত্রের খবর। অমিতাভ না এলেও এবার মঞ্চ মাতাতে দেখা যাবে দুই খানকে। সব কিছু ঠিক থাকলে কিফের মঞ্চ উজ্জ্বল করে তুলবেন সলমন ও শাহরুখ,কিন্তু কেন? জানা গিয়েছে, শারীরিক অসুস্থতার জন্যই নাকি কিফে আসার প্রস্তাব নাকোচ করে দিয়েছেন বিগ-বি। তাঁর জলদগম্ভীর কণ্ঠস্বরে সিনেমা নিয়ে নানা বিশ্লেষণ তাই এবার শোনা যাবে না বলেই এখনও পর্যন্ত খবর। গত অগস্ট মাসে অমিতাভ বচ্চনের আমন্ত্রণে তাঁর বাড়িতে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তখনই জানা গিয়েছিল, অমিতাভকে সস্ত্রীক কিফে আসার আমন্ত্রণ জানিয়ে এসেছেন মমতা। প্রাথমিক ভাবে সেই অনুরোধে সাড়া দিলেও এখন যদিও অমিতাভের মুখে অন্য সুর। তবে অমিতাভ না এলেও আসবেন জয়া বচ্চন। মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে জয়া বচ্চনের সমীকরণ বেশ ভাল।



ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ৩০৯ সংখ্যা ১৬ নভেম্বর, ২০২৩ বৃহস্পতিবার ২৯ কার্ত্তিক, ১৪৩০

## সম্পাদকীয়

# মন্ত্রকের কমিটিতে আদানির উপদেষ্টা, খোঁচা বিরোধীদের


রিপোর্ট প্রকাশ হওয়ার পর থেকেই আদানি গোষ্ঠীর সঙ্গে মোদী সরকারের 'সুসম্পর্ক' নিয়ে ক্রমাগত তোপ দেগে চলেছে বিরোধী দলগুলি। এ বার কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রকের বিশেষজ্ঞ কমিটিতে আদানি গ্রিন এনার্জির এক উপদেষ্টার অন্তর্ভুক্তি নিয়ে রাজনৈতিক তরজা শুরু হল। আদানিদের প্রকল্পে সবুজ সঙ্কেত দেওয়ার প্রেক্ষিতে 'স্বার্থের সংঘাতের' অভিযোগ তুললেন বিরোধীরা।এই নিয়ে নাম না করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কটাক্ষ করেছে কংগ্রেস। কেরল কংগ্রেস তাদের এক্স অ্যাকাউন্টে লিখেছে, "আদানির প্রধান সেবক আদানি গোষ্ঠীর কর্মীকে পরিবেশ মন্ত্রকের বিশেষজ্ঞ কমিটিতে নিয়োগ করেছেন। যে কমিটি আদানিদের ১০,৩০০ মেগাওয়াটের ছ'টি প্রকল্প নিয়ে আলোচনা করছে।" তৃণমূল সাংসদ মহুয়ার প্রসঙ্গ ইঙ্গিত করে শিবসেনা (উদ্ধব) নেত্রী তথা রাজ্যসভার সদস্য প্রিয়ঙ্কা চতুর্বেদীর মন্তব্য, "দয়া করে স্বার্থের সংঘাতের প্রসঙ্গ তুলবেন না। সেটা সুবিধাভোগী বন্ধুকে বাদ দিয়ে অন্যান্যদের ক্ষেত্রে প্রযোজ্য।... কোনও সংসদ সদস্য তাঁর ই-মেল অন্যকে দিলে যদি জাতীয় নিরাপত্তা ভঙ্গ এবং স্বার্থের সংঘাতের প্রশ্নে এথিক্স কমিটি তাঁকে দোষী সাব্যস্ত করে, তা হলে একটি বেসরকারি সংস্থার উপদেষ্টাকে কী ভাবে পরিবেশ মন্ত্রকের বিশেষজ্ঞ কমিটিতে নিয়োগ করা যায়? তখন কি স্বার্থের সংঘাতের প্রশ্ন আসে না?" মুখ খুলেছেন মহুয়া নিজেও। তাঁর কথায়, "মোদীজির পরিবেশ মন্ত্রক আদানিদের কর্মী জনার্দন চৌধরিকে তাদের উপদেষ্টা কমিটিতে নিয়োগ করেছে। সেই কমিটি আদানিদের ছ'টি প্রকল্প নিয়ে আলোচনা চালাচ্ছে।"

এমনকী, উঠল তৃণমূল সাংসদ মহুয়া মৈত্রের প্রসঙ্গও। কটাক্ষ করেছেন মহুয়া নিজেও।

আদানি গ্রিনের অন্যতম উপদেষ্টা জনার্দন চৌধরিকে নিয়ে বিতর্কের সূত্রপাত। গত সেপ্টেম্বরে পরিবেশ মন্ত্রকের জল বিদ্যুত ও নদী উপত্যকা প্রকল্পের মূল্যায়ন কমিটিতে অন্তর্ভুক্ত হয়েছেন তিনি। এই কমিটির সাত অ-প্রাতিষ্ঠানিক সদস্যের মধ্যে তিনি অন্যতম। গত ১৭-১৮ অক্টোবর পুনর্গঠিত সেই কমিটির প্রথম বৈঠকেই মহারাষ্ট্রের সাতারায় আদানি গ্রিনের ১৫০০ মেগাওয়াটের প্রস্তাবিত পাম্পিং স্টোরেজ প্রকল্প নিয়ে আলোচনা হয়। মন্ত্রকের 'পরিবেশ' পোর্টালে বৈঠকের কার্যবিবরণীতে এই সংক্রান্ত তথ্য রয়েছে।চৌধরি অবশ্য বিষয়টির ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করেছেন। সংবাদ মাধ্যমের কাছে তাঁর দাবি, ১৭ অক্টোবর বৈঠকে যোগ দিলেও আদানিদের প্রকল্প সংক্রান্ত আলোচনা থেকে নিজেকে সরিয়ে নেন তিনি। তাঁর আরও দাবি, তিনি আদানি গ্রিনের উপদেষ্টা হলেও স্থায়ী কর্মী নন। মন্ত্রকের কমিটিতে নিযুক্ত হওয়ার আগে বেসরকারি সংস্থাটিতে নিজের ভূমিকার কথাও সরকারকে জানিয়েছিলেন। চৌধরি ৩৬ বছর এনএইচপিসিতে বিভিন্ন পদে দায়িত্ব সামলেছেন। ২০২০ সালের মার্চে অবসর গ্রহণের সময়ে তিনি সংস্থাটির ডিরেক্টর (টেকনিক্যাল) পদে ছিলেন। ২০২২ সালের এপ্রিলে আদানি গ্রিনের উপদেষ্টার ভূমিকায় যোগ দেন চৌধরি।চৌধরি অবশ্য বিষয়টির ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করেছেন। সংবাদ মাধ্যমের কাছে তাঁর দাবি, ১৭ অক্টোবর বৈঠকে যোগ দিলেও আদানিদের প্রকল্প সংক্রান্ত আলোচনা থেকে নিজেকে সরিয়ে নেন তিনি। তাঁর আরও দাবি, তিনি আদানি গ্রিনের উপদেষ্টা হলেও স্থায়ী কর্মী নন। মন্ত্রকের কমিটিতে নিযুক্ত হওয়ার আগে বেসরকারি সংস্থাটিতে নিজের ভূমিকার কথাও সরকারকে জানিয়েছিলেন। চৌধরি ৩৬ বছর এনএইচপিসিতে বিভিন্ন পদে দায়িত্ব সামলেছেন। ২০২০ সালের মার্চে অবসর গ্রহণের সময়ে তিনি সংস্থাটির ডিরেক্টর (টেকনিক্যাল) পদে ছিলেন। ২০২২ সালের এপ্রিলে আদানি গ্রিনের উপদেষ্টার ভূমিকায় যোগ দেন চৌধরি।

সংশ্লিষ্ট মহলের ব্যাখ্যা, পরিবেশ মন্ত্রকের বিশেষজ্ঞ কমিটি পরিবেশের উপরে বিভিন্ন প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য প্রভাব নিয়ে আলোচনা করে। তাদের সুপারিশের ভিত্তিতে মন্ত্রক প্রস্তাবে সম্মতি অথবা খারিজ সংক্রান্ত সিদ্ধান্ত নেয়। চাপায় প্রয়োজনীয় শর্ত। ফলে সেই কমিটিতেই 'সম্ভাব্য সুবিধাভোগী' সংস্থার উপদেষ্টার অন্তর্ভুক্তি নিয়ে শুরু হয়েছে বিতর্ক।

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মুসলমান সেনাদলের এই আকস্মিক অভিযানের খবর পেয়ে গজপতি প্রতাপরুদ্র তাঁর দক্ষিণ অভিযান থেকে ফিরে আসেন এবং আগ্রাসী মুসলিমবাহিনীর পিছু ধাওয়া করে আরামবাগের নিকট মন্দারণ পর্যন্ত চলে আসেন। বিজয়ী ওড়িয়াবাহিনী মন্দারণ দুর্গ অবরোধ করে কিন্তু গোবিন্দ বিদ্যাধর নামক জনৈক উচ্চপদস্ত রাজকর্মচারীর বিশ্বাসঘাতকতায় শেষ পর্যন্ত দুর্গ টি অধিকার করতে ব্যর্থ হয়।' ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আত্মরক্ষার তাগিদে শুরু হয়েছে পূজা বা ধর্মীয় আচরণ



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



আর আর কয়েকদিন পর জগধাত্রী পূজা, তাই বলি বাংলায় বারো মাসে তেরো পার্বণ, আর বাঙ্গালীদের সবচেয়ে ঈশ্বরবিশ্বাসী বেশি।তাই ঈশ্বরের আরাধনা অনেকেই ব্যস্ত এই সময়। একই মা বিভিন্ন রূপে পূজিত হন এই পৃথিবীতে। আমরা প্রত্যেকে নিজের মধ্যে উপলব্ধি করি ঈশ্বরের শক্তিকে। তাই এক সময় আমরা সবাই ঈশ্বর বিশ্বাসী হয়ে উঠেছিলাম।এককালে চন্দননগরের বাড়িতে বাড়িতে জগদ্ধাত্রী পুজোর প্রচলন ছিল। পরবর্তীকালে ব্যবসায়ীদের হাত ধরে এই পুজোর পরিধি আড়ে-বহরে কয়েক গুণ বেড়ে উঠেছে। এখন অধিকাংশই বারোয়ারি বা সর্বজনীন পুজো। বাঙলার অন্যান্য জায়গায় জগদ্ধাত্রী পুজো মাত্র এক দিনের পুজো (নবমী) হলেও চন্দননগরে জগদ্ধাত্রী পুজো চলে চারদিন ধরে। শুক্ল পক্ষের সপ্তমী থেকে দশমী পর্যন্ত সাড়ম্বরে এই পুজো হয় এবং এই উপলক্ষে চন্দননগর শহর আলোকসজ্জায় এবং মানুষের উৎসাহ উন্মাদনায় এক মহা-কার্নিভালের রূপ ধারণ করে। এককালে এই তিনদিন ধরে চলতো নাটক-যাত্রাপালা, কবিগান, তরজা গান, পুতুল নাচের আসর, চুঁচুড়ার বিখ্যাত সঙের গান ইত্যাদি নানা বিচিত্রানুষ্ঠানের আসর। এখন যদিও এই সমস্ত চিরাচরিত সাংস্কৃতিক অনুষ্ঠানকে পিছনে ঠেলে দিয়ে থিমপুজো এবং বিসর্জনের প্রসেশনের আলোকসজ্জাই চন্দননগরের জগদ্ধাত্রী পুজোর প্রধান আকর্ষণে পরিণত হয়েছে। সেই কারনে হুগলির জগদ্ধাত্রী পুজো বললে প্রথমেই মনে পড়ে চন্দননগরের জগদ্ধাত্রী পুজোর কথা। একথা বললে অত্যুক্তি হয়না, যে চন্দননগরের জগদ্ধাত্রীর ইতিহাসের বুনিয়াদ মূলত মৌখিক বর্ণনার আখরে নির্মিত। সাল তারিখের বিতর্ক এখানে অনর্থক। চন্দননগর তখন প্রধান বন্দর, হুগলীর পরেই। সপ্তদশ শতকের প্রথমার্ধে হুগলী ছিল মূল বন্দর। বাংলায় তখন পর্তুগীজদের রমরমা। সরস্বতীর নদীখাত শুকিয়ে যাওয়ার পরেই পর্তুগীজরা চলে আসে হুগলীতে। সপ্তদশ শতকের প্রথমার্ধে মুঘল বাদশাহ শাহজাহানের কাছে যুদ্ধে পরাজিত হয়ে হুগলী থেকে বিদায় নেয় পর্তুগীজরা। ধীরে ধীরে হুগলী নদী ব্যবসা বাণিজ্য ও পরিবহণের মূল মাধ্যম হয়ে ওঠে। ভারতের ঔপনিবেশিক ইতিহাসের প্রথম অধ্যায়ের যবনিকা পতন সেখানেই। পর্তুগীজদের যাওয়ার সাথেই তিনটি ঔপনিবেশিক শক্তি হুগলী নদীর তীরে বাণিজ্য তরী ভেড়ায়। চুঁচুড়ায় ওলন্দাজ, হুগলীতে ব্রিটিশ এবং চন্দননগরে ফরাসীরা। শুরু হয় ঔপনিবেশিক শক্তি আস্ফালনের পরবর্তী অধ্যায়। ফরাসীদের বাণিজ্যতরী নেহাতই পাকেচক্রে নিকটবর্তী ওড়িশার উপকূলে এসে পৌঁছায় (১৬৭৩), তখনও চন্দননগর নামকরণ হয়নি। ফরাসীদের এলাকা ফরাসডাঙা পন্ডিচেরীর অধীনে আসে ১৭০১ খ্রিস্টাব্দে। ততদিনে ফরাসীরা কুঠি তৈরীর ফরমান আদায় করে নিয়েছে তৎকালীন মুঘল সম্রাট ঔরঙ্গজেবের থেকে। তৈরী হয়েছে অঁর্লেয়া দুর্গ (১৬৯৬)। ফরাসী ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর তত্ত্বাবধানে বাংলা তথা ফরাসডাঙাকে কেন্দ্র করে ফরাসীদের ব্যবসা বাণিজ্য উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে। বাঙলার মানচিত্রে কলিকাতাকে তখনও দূরবীন দিয়ে খুঁজতে হয়। এই সময়ে হুগলী নদীকে নিয়ন্ত্রণ করত অসংখ্য ফরাসী বাণিজ্য তরী। হুগলী নদীতে ফরাসী বাণিজ্যে তরীর আধিক্য দেখে কলকাতার ব্রিটিশ ব্যবসায়ীরা তখন নিজেদের দুশ্চিন্তার কথা জানিয়ে মাদ্রাজে চিঠিও লিখত। চন্দননগর ছিল সেকালে বাঙলার শস্য ভাণ্ডার। এখানকার চাউলপট্টি এলাকা তখনকার দিনে বাণিজ্যের দিক থেকে দক্ষিণ বঙ্গের সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থান। এই চাউলপট্টির জগদ্ধাত্রী পুজো তিনশ বছরেরও প্রাচীন বলে শোনা যায়। এখানকার জগদ্ধাত্রী হলেন চন্দননগরের "আদি মা"। শোনা যায় এই পুজোর প্রচলন করেন ফরাসী দেওয়ান ইন্দ্রনারায়ণ চৌধুরী।তবে ইন্দ্রনারায়ণ চৌধুরী তৎকালীন চন্দননগরের চাউল পট্টির মামুলি ব্যবসায়ী থেকে নিজের বুদ্ধি এবং কর্ম তৎপরতার জোরে হয়ে ওঠেন ফরাসী ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর দেওয়ান। ইন্দ্রনারায়ণের জন্ম বর্তমান যশোর জেলার সর্বরাজপুর গ্রামে। জীবনের নানা ওঠানামার মধ্যে দিয়ে এই পিতৃহীন বালকের পরিবারটি মুর্শিদ কুলী খাঁয়েরর বদান্যতায় চন্দননগর অঞ্চলে এসে পৌঁছয়। পরবর্তীকালে ইন্দ্রনারায়ণের বড়ভাই রাজারাম মুর্শিদাবাদে নবাবের দরবারে হিসাব রক্ষণের কাজে নিযুক্ত হন। ভাই ইন্দ্রনারায়ণ চাউলপট্টিতে চালের ব্যবসা শুরু করেন এবং অল্প দিনের মধ্যেই বেশ উন্নতি করেন। ফরাসীদের আরেক ট্রেডিং সেন্টার পন্ডিচেরীতে একবার চাল ভর্তি জাহাজ পাঠিয়ে তিনি প্রভূত লাভের মুখ দেখেন। তবে ফরাসীদের সাথে সখ্যতা ইন্দ্রনারায়ণের আরও ছোটবেলা থেকেই। ফরাসডাঙার নগরের বাইরেই অনতিদূরে সেকালে প্রচুর জঙ্গল ছিল এবং ফরাসীরা সেকালে হাঁস শিকার করার জন্য এই জঙ্গলে আসত। বালক ইন্দ্রনারায়ণ হতেন তাঁদের গাইড। এভাবেই ধীরে ধীরে তিনি রপ্ত করেছিলেন ফরাসী আদব কায়দা ও কাজ চালানো ফরাসী ভাষা। শোনা যায় এভাবেই তিনি মামুলী চালের ব্যবসায়ী থেকে কোম্পানীর এজেন্ট পদে নিযুক্ত হন। তাঁর কাজ ছিল বাংলা, বিহার, ওড়িশা ও দক্ষিণ ভারত থেকে চন্দননগরে আসা মালপত্রের কোম্পানীর তরফে তদারকি, বন্টন ও রাজস্ব আদায় করা। এ কাজের উপর তিনি ৩% কমিশন পেতেন। এছাড়াও ছিল তার নিজের চালের ব্যবসা আর সুদের কারবার, যেখানে তিনি ১২% থেকে ২৪% হারে টাকা ধার দিতেন। আগেই বলেছি, চাউলপট্টি ছিল সেকালের বাঙলার শস্য ভাণ্ডার। লক্ষ্মীগঞ্জের বাজারে ছিল ১১৪ টি ধানের গোলা, যার এক একটিতে ৬০০০ মণ ধান রাখা হত। শুধুমাত্র ১৭৩০ সালেই ফরাসী ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর মোট ব্যবসার পরিমাণ ছিল আড়াই মিলিয়ন পাউন্ড। স্বাভাবিক ভাবেই ইন্দ্রনারায়ণও মাত্র দু'বছরের মধ্যেই কর্মকুশলতা ও নিজের অসাধারণ জনসংযোগ ক্ষমতাকে কাজে লাগিয়ে বিত্ত ও ক্ষমতার শীর্ষে ওঠেন এবং কোম্পানির দালাল থেকে দেওয়ান রূপে প্রতিষ্ঠিত হন। এই সময়েই তাঁর আলাপ হয় নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্র রায়ের সঙ্গে। শুধু আসা যাওয়াই নয়, সময়ে অসময়ে ইন্দ্রনারায়ণ তাঁকে অর্থসাহায্য করেছেন বলেও শোনা যায়। আর এই দুই বন্ধুর সখ্যতার কারণেই কৃষ্ণচন্দ্র-প্রবর্তিত কৃষ্ণনগরের জগদ্ধাত্রী পুজোর অনুকরণে ইন্দ্রনারায়ণ চৌধুরিও জগদ্ধাত্রী পুজো শুরু করেন বলে শোনা যায়। এদিকে ১৭৪২ সালে ১২ লক্ষ টাকা


ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## যুবরাজ সিংয়ের 'বায়োপিক' নিয়ে আসছেন আমির খান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বলিউডে মহেন্দ্র সিং ধোনি, সচীন টেন্ডুলকার, মোহাম্মদ আজহারউদ্দীন ও কপিল দেবের মতো ক্রিকেটারদের বায়োপিক দর্শক মহলে সাড়া ফেলেছিল। এবার সেই তালিকায় আরও একটি নাম যুক্ত হতে যাচ্ছে, তিনি যুবরাজ সিং। জানা গেছে, যুবরাজ সিংয়ের জীবনী নিয়ে সিনেমা তৈরি করবেন আমির খান।

বলিউড সূত্রে জানা গেছে, এবার বড় পর্দায় দেখা যাবে ক্রিকেটার যুবরাজের জীবনকাহিনি। যে সিনেমার প্রযোজনা করতে চলেছেন আমির খান। ইতিমধ্যে নাকি যুবরাজের সঙ্গে প্রাথমিক স্তরে কথাবার্তা সেরে ফেলেছেন 'মিস্টার পারফেকশনিস্ট'।

যদিও এপ্রসঙ্গে এখনো পর্যন্ত দুই তারকার কেউই মুখ খোলেননি! তবে শোনা যাচ্ছে, বায়োপিকে যুবির ক্রিকেট ক্যারিয়ারের পাশাপাশি মারণব্যাধি ক্যান্সারের বিরুদ্ধে তার লড়াইয়ের কাহিনিও দেখাবেন প্রযোজক আমির। যুবরাজ সিংয়ের জীবন বেশ রঙিন, একই সঙ্গে অন্ধকারও। শুধু ক্রিকেটে বিশ্বকাপ জয় নয়, ক্যান্সারকেও হারিয়েছেন তিনি। মারণরোগের বিরুদ্ধে যুবরাজের লড়াইয়ের এই কাহিনিও সিনেমায় দেখাতে চান প্রযোজক আমির।

তার ফুসফুসে বাসা বেঁধেছিল ক্যান্সার। ওই রোগের সঙ্গে লড়াই করে তিনি আবার স্বাভাবিক জীবনযাপনে ফিরে আসেন।

আমির খানকে সর্বশেষ দেখা গেছে ২০২১ সালে 'লাল সিং চাড্ডা'তে। সিনেমাটি বক্স অফিসে ব্যর্থ হয়। বিগত সাত বছরে বক্স অফিসে 'হিট'-এর মুখ দেখেননি আমির খান।

প্রথমে বিগ বাজেট 'ঠাগস অফ হিন্দোস্তান', পরে 'লাল সিং চাড্ডা'। তার পর থেকেই মুষড়ে পড়েছেন আমির খান। লাইমলাইটের আড়ালে থাকতেই পছন্দ করেন। বিরতি নিয়েছেন অভিনয় থেকেও। তবে কিছুদিন আগে সামাজিক মাধ্যমে 'লাহোর ১৯৪৭'

-এর ঘোষণা করেন আমির খান। তিনি জানান, তার এবং তার প্রডাকশনের আগামী সিনেমার নাম 'লাহোর ১৯৪৭'। এতে অভিনয় করবেন সানি দেওল এবং পরিচালনা করবেন রাজকুমার সন্তোষী। সানি ও রাজকুমার সন্তোষীর সঙ্গে কাজ করার জন্য মুখিয়ে আছেন আমির, এমনটাই জানান অভিনেতা।


## ব্যর্থ বিয়ের প্রভাব কর্মজীবন ও ব্যক্তিগত জীবনে পড়েছিল : সামান্থা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০১৭ সালে বিয়ে করেন ভারতীয় দক্ষিণী সিনেমার জনপ্রিয় জুটি নাগা চৈতন্য ও সামান্থা রুথ প্রভু। তবে ভালোবাসার সে সংসার শেষ পর্যন্ত ২০২১ সালে ভেঙে যায়। এরপর মানসিকভাবে ভেঙে পড়েছিলেন সামান্থা। তার মাঝে মায়োসাইটিস নামে এক জটিল রোগে আক্রান্ত হয়েছেন। এখনো পুরোপুরি সুস্থ নন তিনি। ব্যক্তিগত জীবন নিয়ে সামান্থা-নাগা দুজনেই নীরব ছিলেন। কয়েক মাস আগে এ বিষয়ে মুখ খুলেন সামান্থা। ফের ভারতীয় সংবাদমাধ্যম হারপার্স বাজার ইন্ডিয়াকে দেওয়া সাক্ষাৎকারে ব্যর্থ বিয়ে নিয়ে কথা বলেন এই অভিনেত্রী। সামান্থা রুথ প্রভু বলেন, 'আমার ব্যর্থ বিয়ের প্রভাব কর্মজীবন ও ব্যক্তিগত জীবনে পড়েছিল। এটি ট্রিপল আঘাতের মতো ছিল; বুম, বুম, বুম। আপনি জানেন, গত দুটো বছর আমি কি সহ্য করেছি! যে অভিনেতারা স্বাস্থ্য সমস্যা কাটিয়ে ফিরেছেন, ট্রলিং এবং উদ্বিগ্নতার মধ্য দিয়ে সময় পার করেছেন, সেসব অভিনেতাদের গল্প পড়েছি, যা আমাকে শক্তি জুগিয়েছে; তারা যদি পারেন আমি কেন পারব না!'

তেলেগু ভাষার 'ইয়ে মায়া চেসাভ' নামের সিনেমার সেটে প্রথম পরিচয় নাগা-সামান্থার। তারপরই প্রেমের সম্পর্কে জড়ান তারা। এরপর লুকিয়ে দীর্ঘদিন প্রেম করেন এই জুটি। তাদের প্রেমের সম্পর্ক নিয়ে জল্পনা-কল্পনাও কম হয়নি। সব কিছুর অবসান ঘটিয়ে ২০১৭ সালের ৬ অক্টোবর ভারতের পর্যটন নগরী গোয়ার একটি রিসোর্টে বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছিলেন আলোচিত নাগা ও সামান্থা।

## ক্যাটরিনার তোয়ালে পরাতে আপত্তি, ৩ দেশে নিষিদ্ধ 'টাইগার থ্রি'






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মুক্তি পেতে যাচ্ছে বলিউড ভাইজান সালমান খানের বহু প্রতীক্ষিত সিনেমা 'টাইগার থ্রি'। ইতোমধ্যেই বক্স অফিসে অগ্রিম বুকিংয়ে হইচই ফেলেছে সিনেমাটি। ভারতের বহু প্রেক্ষাগৃহেই কাকভোর থেকে 'টাইগার থ্রি'র শো।

সালমানের এই সিনেমা নিয়ে যখন শোরগোল, ঠিক তখনই শোনা গেল তিনটি দেশে নাকি নিষিদ্ধ 'টাইগার থ্রি'র প্রদর্শন! ভারতীয় এক সংবাদমাধ্যম জানিয়েছে, ওমান, কুয়েত ও কাতারের সালমান ভক্তরা নাকি দেখতে পারবেন না সিনেমাটি!

কিন্তু কেন এই তিন দেশে নিষিদ্ধ হলো সিনেমাটি? সূত্র থেকে পাওয়া খবর অনুযায়ী, 'টাইগার থ্রি'র বেশ কিছু দৃশ্য নিয়ে আপত্তি রয়েছে এই তিন দেশের। তাদের দাবি, এই ধরনের দৃশ্য তাদের দেশের সংস্কৃতিকে আঘাত করবে।

সূত্র বলছে, বিশেষ করে ক্যাটরিনার তোয়ালে পরা অ্যাকশন দৃশ্য নিয়েই আপত্তি। এ ছাড়া সিনেমাতে যেভাবে হিংসা দেখানো হয়েছে তা নিয়েও আপত্তি রয়েছে এই তিন দেশের।

অগ্রীম বুকিংয়ে ইতোমধ্যেই ঝড় তুলে দিয়েছে 'টাইগার থ্রি'। এই সিনেমা দিয়েই যে ফের পুরনো ঝাঁজে ফিরতে চলেছেন ভাইজান, তা অগ্রীম বুকিংয়ের গ্রাফ দেখে ইতোমধ্যেই ভবিষ্যদ্বাণী করে ফেলেছেন চলচ্চিত্র বাণিজ্য বিশ্লেষকরা। ইতোমধ্যেই সিনেমাটির ফার্স্ট ডে ফার্স্ট শো পুরো বুকড। পরিস্থিতি বুঝে অনেক জায়গাতেই বাড়িয়ে দেয়া হয়েছে শোয়ের সংখ্যা। শুধু ভারতে নয় দুবাইয়েও মধ্য রাত থেকে এই সিনেমা দেখানোর সিদ্ধান্ত নিয়েছেন হল মালিকেরা। আর ভারতে প্রথম শো থাকছে সকাল ৬টা থেকে।



## গুঞ্জনই সত্যি, ফের মা হচ্ছেন আনুশকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী আনুশকা শর্মা আবারও মা হতে চলেছেন। দিন কয়েক ধরেই খবরটি নিয়ে জোর গুঞ্জন ছিল, যদিও বিরাট বা আনুশকা কেউই এখন পর্যন্ত মুখ খুলেনি। তবে কোহলির জন্মদিনে ইডেনে স্ত্রী আনুশকার অনুপস্থিতি অভিনেত্রীর মা হওয়ার গুঞ্জন কয়েক গুন বাড়িয়ে দিয়েছিল। এবার সেই জল্পনাই যেন স্পষ্ট হলো। কোহলির সঙ্গে অন্তঃসত্ত্বা আনুশকার দেখা মিলল। বিশ্বকাপের ভারতের পরবর্তী ম্যাচ নেদারল্যান্ডসের বিপক্ষে। এর আগেই বেঙ্গালুরু পৌঁছেছে টিম ইন্ডিয়া। এদিন স্বামী বিরাট কোহলির হাত ধরেই হোটেলে ঢুকতে দেখা গেছে আনুশকাকে। যেখানে অভিনেত্রীর বেবি বাম্প লক্ষ্য করা গেছে। আনুশকার পরনে ছিল কালো ঢিলেঢালা ফ্রক। খোলা চুল, রূপটান নেই বললেই চলে। ছিপছিপে চেহারায় স্পষ্ট অভিনেত্রীর স্ফীতোদর। অন্তঃসত্ত্বা স্ত্রীকে আগলে ছিলেন বিরাট। সেই ভিডিওই ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমে। এরপরই তারকা দম্পতিকে শুভেচ্ছাবার্তায় ভাসাচ্ছেন ভক্তরা। এর আগে সেপ্টেম্বর মাসের শেষের দিকে একটি ম্যাটারনিটি ক্লিনিকের বাইরে দেখা গিয়েছিল আনুশকাকে। যদিও সেসময় অভিনেত্রীর অনুরোধে কোনো ছবি প্রকাশ করেনি সংবাদমাধ্যম। বিরাটপত্নী তখন আশ্বস্ত করেন, খুব শীঘ্রই আনুষ্ঠানিক ঘোষণা জানাবেন তারা। এর আগেই সবকিছু স্পষ্ট হল। দ্বিতীয়বারের মতো বিরাট-আনুশকার সংসারে আসতে চলেছে নতুন অতিথি।

## আইসিসির
# মাসসেরা রাচিন রবীন্দ্র



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : বিশ্বকাপে দারুণ সময় কাটছে নিউজিল্যান্ডের অলরাউন্ডার রাচিন রবীন্দ্রর। বিশ্বকাপে এখন পর্যন্ত খেলা ৯ ইনিংসে ৭০.৬২ গড়ে করেছেন ৫৬৫ রান। এখন পর্যন্ত টুর্নামেন্টের সর্বোচ্চ রানসংগ্রাহকও তিনিই।

রবীন্দ্র বিশ্বকাপে তার ৩টি শতকের দুটিই করেছেন অক্টোবর মাসে, অধর্শতক ২টিও অক্টোবরেই। একই সঙ্গে অক্টোবর মাসে বিশ্বকাপে ৩টি উইকেটও নিয়েছেন তিনি। মাসজুড়ে দুর্দান্ত এই পারফরম্যান্সের পুরস্কারও পেলেন রবীন্দ্র। আইসিসির অক্টোবর মাসের সেরা খেলোয়াড় হয়েছেন তিনি।

মাসসেরার দৌড়ে তিনি পেছনে ফেলেছেন দক্ষিণ আফ্রিকার ওপেনিং ব্যাটার কুইন্টন ডি কক ও ভারতের পেসার জসপ্রিত বুমরাহকে। শুক্রবার নিজেদের অফিশিয়াল ওয়েবসাইটে বিষয়টি নিশ্চিত করেছে আইসিসি।

## বিশ্বকাপ ধামাকা


## নিউজিল্যান্ডেকে হারিয়ে
# ফাইনালে ভারত



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : শেষ কয়েক ওভারের চাপ নিউজিল্যান্ডের কফিনে ঠুকছে শেষ পেরেক। পুরো ইনিংসে মিচেল্পপাল্টা-আক্রমণ করেছেন। কিন্তু ৪৫.২ ওভারে শামির বলে তিনি কট আউট হন। এর মাধ্যমে নিউজিল্যান্ডের জয়ের আশা শেষ হয়ে যায়।

তৃতীয়বার ৫ উইকেট পেলেন ভারতের পেসার মোহাম্মদ শামি। তার সর্বশেষ শিকার ড্যারিল মিচেল। ৩৯৮ রানের লক্ষ্যে নিউজিল্যান্ডকে অসম্ভব এক আশা দিয়েছিলেন মিচেল। শামিকে তুলে মারতে গিয়ে ডিপ মিডউইকেতে ধরা পড়েন ১১৯ বলে ১৩৪ রান করে। এর মধ্য দিয়ে বিশ্বকাপে সপ্তম বোলার হিসেবে ৫০ উইকেট পেলেন শামি। পরে সাউদ এবং ফারগুসনের উইকেট পান শামি। টস থেকে শুরু করে প্রথম ইনিংসের শেষ পর্যন্ত ওয়াংখেড়েতে প্রথম সেমিফাইনালে ভারতের পক্ষে গেছে সবকিছুই। রোহিত শর্মা শুরুটা করেছিলেন। বিশ্বকাপে নকআউট পর্বেও ভারত অধিনায়ক দেখিয়েছেন, আসলেই ভয়ডরহীন ব্যাটিং করতে চায় তার দল। তিনি ফেরার পর সে ব্যাটন নিয়েছেন শুবমান গিল। তিনি সেঞ্চুরির দেখা পাননি, চোট নিয়ে উঠে যেতে হয়েছিল বলে। কোহলি পেয়েছেন, এরপর সেঞ্চুরি পেয়েছেন শ্রেয়াসও। ওয়াংখেড়ের এ উইকেটে নিউজিল্যান্ড বোলাররা লাইন, লেংথ খুঁজে পাননি কিছুই। ভারত গড়েছে বিশ্বকাপ সেমিফাইনালের ইতিহাসে রেকর্ড স্কোর। টানা তৃতীয় ফাইনালে যেতে নিউজিল্যান্ডকে ভাঙতে হতো ওয়ানডেতে তাদের ইতিহাসের সর্বোচ্চ রান তাড়া করে জেতার রেকর্ড। এখন পর্যন্ত সেটি ৩৪৮ রানের, ২০২০ সালে ভারতের বিপক্ষেই ছিল সেটি। এবার অবশ্য অস্ট্রেলিয়ার দেওয়া ৩৮৯ রানের লক্ষ্যে ৩৮৩ পর্যন্ত গিয়েছিল নিউজিল্যান্ড। কিন্তু আজ করতে হতো তার চেয়েও বেশি ৩৯৮ রান। বিশ্বকাপের সেরা বোলিং আক্রমণের বিপক্ষে ৩২৭ এ থামে নিউজিল্যান্ড।

## ব্রাজিল-উরুগুয়ে ম্যাচের জন্য
# আর্জেন্টিনার স্কোয়াডে চমক



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : জমে উঠেছে ২০২৬ ফুটবল বিশ্বকাপের বাছাইপর্বের লড়াই। বাছাইপর্বে আগামী ২২ নভেম্বর মুখোমুখি হবে দুই চিরপ্রতিদ্বন্দ্বী দেশ ব্রাজিল ও আর্জেন্টিনা। ম্যাচটিকে ঘিরে আরো আগেই উন্মাদনা শুরু হয়ে গেছে।

এর আগে আরেক সাবেক বিশ্বচ্যাম্পিয়ন উরুগুয়ের বিপক্ষে ১৭ নভেম্বর খেলবে আর্জেন্টিনা। ম্যাচ দুটির জন্য আজ শনিবার সকালে ২৮ সদস্যের দল ঘোষণা করেছে বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা।

কাতার বিশ্বকাপ জয়ের পর এখন পর্যন্ত অপরাজিত আছেন লিওনেল মেসিরা। বাছাইয়ের চার ম্যাচের সবকটিতেই জিতেছেন তারা। ফলে পয়েন্ট টেবিলের শীর্ষে থাকা আর্জেন্টিনা ধারাবাহিকতা ধরে রাখার লক্ষ্যে আসন্ন দুটি ম্যাচে মাঠে নামবে। উরুগুয়ের সঙ্গে প্রথম ম্যাচটি হবে তাদের মাঠ লা বোম্বোনেরা স্টেডিয়ামে। উরুগুইয়ানরা ২ ম্যাচ জিতে পয়েন্ট টেবিলের দুইয়ে অবস্থান করছে। সমান দুটি ম্যাচে জয় ও একটিতে ড্র নিয়ে এরপরই অবস্থান সর্বোচ্চ পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিলের।

দুটি ম্যাচের জন্য ঘোষিত আর্জেন্টিনা দলে যথারীতি রয়েছেন দলের প্রধান তারকা লিওনেল মেসি। প্রায় অপরিচিত দুটি মুখকে ডাকা হয়েছে এই স্কোয়াডে। তারা হলেন- পাবলো মাফেও এবং ফ্রান্সিসকো ওরতেগা। প্রথম নামটি অনেকেই প্রথম শুনেছেন, তিনি একজন স্প্যানিশ রাইটব্যাক এবং মায়ের সূত্রে পাবলো মাফেও একজন আর্জেন্টাইনও বটে। তাকে বেশ কিছু দিন ধরে নজরে রেখেছিলেন কোচ স্কালোনি। তবে ওরতেগা আগে আর্জেন্টিনার অনূর্ধ্ব-২০ এবং ২৩ জাতীয় দলের হয়ে খেলেছিলেন। প্রথমবারের মতো সিনিয়র জাতীয় দলে ডাক পেলেন এই ২৪ বছর বয়সী ফুটবলার।

অবশ্য তাদেরকে হঠাৎই ডাকার কারণও রয়েছে। পেশির জয়েন্টের ইনজুরি নিয়ে বাদ পড়েছেন জুয়ান ফয়েথ। এছাড়া পুরোপুরি ফিট নন মার্কোস আকুনা, যদিও তিনিও দেশের বিমান ধরেছেন। এছাড়া আগের কয়েকটি ম্যাচের স্কোয়াডে থাকা ম্যানচেস্টার ইউনাইটেডের তরুণ ফরোয়ার্ড আলেজান্দ্রো গার্নাচোকে এবারের দলে রাখা হয়নি। তবে দলে ফিরেছেন আনহেল ডি মারিয়া ও পাউলো দিবালা। ইনজুরির কারণে আগের দুটি ম্যাচে তারা ছিলেন না।

## বাংলাদেশে আসার আগে
# বল টেম্পারিংয়ে অভিযুক্ত নিকোলস



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : ফিল্ডারের হেলমেটে বল ঘষতে গিয়ে ক্যামেরায় ধরা পড়েছেন হেনরি নিকোলস! তার বিরুদ্ধে তাই আনা হয়েছে বল টেম্পারিংয়ের অভিযোগ। নিষেধাজ্ঞার পাশাপাশি জরিমানার শাস্তিই হয়তো অপেক্ষা করছে নিউ জিল্যান্ডের বাঁহাতি ব্যাটসম্যানের।

নিউজিল্যান্ড ক্রিকেট ১০ নভেম্বর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই খবর নিশ্চিত করেছে। আপাতত বিষয়টি প্রথম শ্রেণির ক্রিকেট কমিশনারের কাছে হস্তান্তর করা হয়েছে। এখন পর্যন্ত শুনানির কোনো দিনক্ষণ ঠিক হয়নি। বিশ্বকাপ শেষে দুই টেস্ট খেলতে বাংলাদেশে আসার কথা রয়েছে নিকোলসের। তার আগে অকল্যান্ডের বিপক্ষে বৃহস্পতিবার শেষ হওয়া প্লাংকেট শিল্ডের ম্যাচে বল টেম্পারিংয়ের ঘটনার জন্ম দেন ক্যান্টাবুরির হয়ে খেলা নিকোলস। ম্যাচটি ৮ উইকেটে জিতেছে নিকোলসের ক্যান্টাবুরি। ম্যাচের তৃতীয় দিন অকল্যান্ডের দ্বিতীয় ইনিংসে অন্তত তিনবার ওভার শেষ হওয়ার পর প্রান্ত বদলের সময় ফিল্ডারের হেলমেটে বল ঘষতে দেখা গেছে ৩১ বছর বয়সী ব্যাটসম্যানকে। যা দেখে বল টেম্পারিংয়ের অভিযোগ এনেছেন ম্যাচের আম্পায়াররা। নিউ জিল্যান্ডের ঘরোয়া ক্রিকেটে নিয়ম অনুযায়ী, এই অপরাধে নিষেধাজ্ঞা ও ম্যাচ ফি থেকে জরিমানার পাশাপাশি অন্তত ৫০০ ডলার অর্থ জরিমানা পেতে পারেন নিকোলস।

আন্তর্জাতিক ক্রিকেটে এই অপরাধের শাস্তি বেশ কঠিন। ২০১৮ সালে ক্যামেরন ব্যানক্রফটের বল টেম্পারিংয়ের পর এটিকে লেভেল-২ থেকে লেভেল-৩ অপরাধ হিসেবে গণ্য করার সিদ্ধান্ত নিয়েছে আইসিসি। নতুন নিয়মে বল টেম্পারিং প্রমাণিত হলে ৬টি টেস্ট অথবা ১২টি ওয়ানডের নিষেধাজ্ঞার শাস্তি রাখা হয়েছে।

ঘরোয়া ক্রিকেটের ঘটনা হওয়ায় নিকোলসের হয়তো তাদের নিজ দেশের নিয়ম অনুযায়ী শাস্তি ভোগ করতে হবে। এই বিষয়ে স্থানীয় সংবাদমাধ্যম স্টাফ ডটকম নিউজিল্যান্ড মন্তব্য নেওয়ার চেষ্টা করলে কিছু বলতে রাজি হননি নিকোলস।

বিতর্কের জন্ম দেওয়া ম্যাচে প্রথম ইনিংসে ১২০ রান করেন নিউজিল্যান্ডের হয়ে ৫৪ টেস্ট খেলা বাঁহাতি ব্যাটসম্যান। পরে ৬১ রানের লক্ষ্যে তিনি করেন ৩০ রান। প্লাংকেট শিল্ডের আগের ম্যাচেও তার ব্যাট থেকে আসে ১২০ রানের ইনিংস।

## বিশ্বকাপে বেশি রান দেওয়ার
# রেকর্ড হারিস রউফের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : বিশ্বকাপে সবচেয়ে বেশি রান দেওয়ার রেকর্ড গড়লেন পাকিস্তানি পেসার হারিস রউফ। এবারের বৈশ্বিক আসরে ৯ ম্যাচে মোট ৫৩৩ রান দিয়েছেন তিনি। পেয়েছেন ১৬ উইকেট।

বিশ্বকাপের ইতিহাসে এক আসরে এটিই কোনো বোলারের সবচেয়ে বেশি রান দেওয়ার রেকর্ড। রউফ পেছনে ফেলেছেন ২০১৯ বিশ্বকাপে ইংল্যান্ডের আদিল রশিদের দেওয়া ৫২৬ রানকে।

তবে রউফকে এই লজ্জার রেকর্ড থেকে 'বাঁচাতে' পারেন, দুই অস্ট্রেলীয় পেসার-মিচেল স্টার্ক ও প্যাট কামিন্স। এখন পর্যন্ত স্টার্ক ৪৩৯ ও কামিন্স ৪৩০ রান দিয়েছেন। সেমিফাইনালে ওঠা অস্ট্রেলিয়া যদি ফাইনালেও ওঠে, তবেই হয়তো এই 'লজ্জার রেকর্ড' থেকে মুক্তি মিলতে পারে রউফের।

## পাকিস্তানের চেয়ে ভালো খেলেছে
# আফগানিস্তান : শোয়েব মালিক



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : এবারের বিশ্বকাপ মিশন খুব ভালো কাটেনি পাকিস্তানের। শেষ ম্যাচটাও ইংল্যান্ডের বিপক্ষে বড় ব্যবধানে হেরেছে বাবর আজমের দল। এর মধ্যে দিয়ে ৮ পয়েন্ট নিয়ে তালিকার পাঁচে থেকে বিশ্বকাপ শেষ করল বাবর-রিজওয়ানরা।

এদিকে, ৯ ম্যাচে চার জয়ে আফগানিস্তানও ৮ পয়েন্ট নিয়ে বিশ্বকাপ শেষ করেছে। শুধু রানরেটে পিছিয়ে থাকায় আফগানদের অবস্থান ছিল ছয়ে। পয়েন্ট তালিকায় পাকিস্তানের চেয়ে এক ধাপ পিছিয়ে থাকলেও বাস্তবে আফগানরা বিশ্বকাপে দুর্দান্ত মানসিকতার পরিচয় দিয়েছে।

পাকিস্তানের সাবেক খেলোয়াড় শোয়েব মালিকেরও মনে হয়েছে, আফগানিস্তান এবারের বিশ্বকাপে অসাধারণ খেলেছে এবং সেটা তাদের দেশ পাকিস্তানের চেয়েও ভালো।

একটি স্পোর্টস শোতে কথা বলতে গিয়ে শোয়েব মালিক বলেন, আফগানিস্তান আমাদের চেয়ে ভালো ক্রিকেট খেলেছে। আমার মতে, আমরা যদি শুধু এই বিশ্বকাপের কথা বলি, তাহলে হ্যাঁ আফগানিস্তান আমাদের থেকে ভালো ক্রিকেট খেলেছে।

তার কথার সঙ্গে ওয়াসিম আকরামও একমত পোষণ করেছেন। তিনি মনে করেন, আফগানদের দেখে মনে হয়েছে, ওরা (পাকিস্তানের চেয়ে) শক্তিশালী। এ ব্যাপারে কারও মনে সন্দেহ থাকার কথা নয়। আমাদের ছেলেরা অনেক দিন হলো টানা খেলে যাচ্ছে। হতে পারে এ কারণে ওরা ক্লান্ত।

## বাটলারের নেতৃত্বেই
# ওয়েস্ট ইন্ডিজ যাচ্ছে ইংল্যান্ড



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে এক দিনের এবং টি-টোয়েন্টি সিরিজে নেতৃত্ব দেবেন জস বাটলারই। তবে ওয়ানডে দলে জায়গা হয়নি বেন স্টোকস, মঈন আলীর মতো তারকা ক্রিকেটারদের। ওয়ানডে বিশ্বকাপের দল থেকে ৯ ক্রিকেটারকে ছেটে ফেলল ২০১৯ বিশ্ব চ্যাম্পিয়নরা।

ডিফেন্ডিং চ্যাম্পিয়ন হিসেবেই এবারের বিশ্বকাপ খেলতে গিয়েছিল ইংল্যান্ড দল। কোনও রকমে ২০২৫ সালের চ্যাম্পিয়ন্স ট্রফির যোগ্যতা অর্জন করে মান বাঁচিয়েছেন বাটলাররা। বিশ্বকাপের ১৫ জনের দলের সদস্য ডেভিড উইলি শনিবার পাকিস্তানের বিপক্ষে খেলার পরেই আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন। পায়ের চোটের জন্য অস্ত্রোপচার করাতে হবে স্টোকসকে। তাই তাকেও রাখা হয়নি ওয়েস্ট ইন্ডিজ সফরের দলে। এছাড়া বিশ্বকাপের দলে থাকা আরও সাত ক্রিকেটারকে বাদ দেওয়া হয়েছে ওয়েস্ট ইন্ডিজ সফরের এক দিনের সিরিজ থেকে।

ওয়ানডে দলে নতুন মুখ অলি পোপ, জশ টাং ও জন টার্নার। টেস্ট দলের দুই ওপেনার বেন ডাকেট ও জ্যাক ক্রলি জায়গা পেয়েছেন ওয়ানডেতে। আয়ারল্যান্ডের বিপক্ষে অভিষেক হওয়া স্যাম হেইনকেও ফেরানো হয়েছে। অ্যান্টিগায় আগামী ৩ ডিসেম্বর থেকে শুরু হবে ওয়ানডে সিরিজ। একই মাঠে ৬ ডিসেম্বর অনুষ্ঠিত হবে দ্বিতীয় ম্যাচ। আর বার্বাডোজে ৯ ডিসেম্বর হবে তৃতীয় ওয়ানডে। এই মাঠেই ১২ ডিসেম্বর শুরু হবে পাঁচ ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টি। এরপর ১৪ ও ১৬ ডিসেম্বর গ্রানাডায় এবং ১৯ ও ২১ ডিসেম্বর ত্রিনিদাদে অনুষ্ঠিত হবে বাকি ম্যাচগুলো।

ওয়ানডে স্কোয়াড: জস বাটলার (অধিনায়ক), রেহান আহমেদ, গাস অ্যাটকিনসন, হ্যারি ব্রুক, ব্রাইডন কার্স, জ্যাক ক্রলি, স্যাম কারেন, বেন ডাকেট, টম হার্টলি, উইল জ্যাকস, লিয়াম লিভিংস্টোন, ওলি পোপ, ফিল সল্ট, জশ টাং, জন টার্নার।

টি-টোয়েন্টি স্কোয়াড: জস বাটলার (অধিনায়ক), রেহান আহমেদ, মঈন আলী, গাস অ্যাটকিনসন, হ্যারি ব্রুক, স্যাম কারেন, বেন ডাকেট, উইল জ্যাকস, লিয়াম লিভিংস্টোন, টাইমাল মিলস, আদিল রশিদ, ফিল সল্ট, জশ টাং, রিস টপলি, জন টার্নার, ক্রিস ওকস।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR